



তথ্যবিবরণী

নম্বর-০৯

দেশের মাটি ও মানুষের প্রতি দায়বদ্ধ থেকে নির্ণার সাথে দায়িত্ব পালন করতে হবে

--- সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার

রাজশাহী; ১০ শ্রাবণ (২৫ জুলাই):

তথ্য অধিদফতরের সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার (প্রটোকল এন্ড লিয়াজ্ঞো) মোঃ আব্দুল জলিল বলেছেন, দেশের মাটি ও মানুষের প্রতি দায়বদ্ধ থেকে নির্ণার সাথে দায়িত্ব পালন করতে হবে। প্রত্যেককে নিজের উপর অর্পিত দায়িত্ব পালনের পাশাপাশি উদ্ভাবনী জ্ঞান কাজে লাগাতে হবে।

আজ রাজশাহী আঞ্চলিক তথ্য অফিস কর্তৃক উক্ত অফিসের সম্মেলন কক্ষে আয়োজিত সুশাসন প্রতিষ্ঠায় অংশীজনের অংশগ্রহণে সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

আব্দুল জলিল বলেন, বঙ্গবন্ধু যদি দেশ স্বাধীন না করত তাহলে আমরা অনেকেই সরকারি চাকুরি পেতাম না। বেসরকারি চাকুরিতে নিযুক্ত অনেক বড়বড় কর্মকর্তা করোনাকালে চাকুরি হারিয়েছে কিন্তু সরকারি কর্মচারীরা সঠিক ভাবেই বেতন পেয়েছে।

করোনা মোকাবিলায় প্রধানমন্ত্রীর নেতৃত্বের প্রশংসা করে সিনিয়র উপপ্রধান তথ্য অফিসার বলেন, প্রধানমন্ত্রী জীবন জীবিকার সমন্বয় করতে নির্দেশ দিয়েছিলেন এক ইঞ্চি জমিও যেন ফাঁকা না থাকে। সে কারণে আমাদের এত ছোট দেশে বিপুল সংখ্যক জনসংখ্যা থাকা সত্ত্বেও আমরা তিনবেলা খেতে পারছি। প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বের কারণে আমাদের খাদ্যের অভাব হয়নি। অথচ এ সমস্যা মোকাবিলায় যুক্তরাজ্যের মত দেশকে কম খাদ্য গ্রহণের নীতি গ্রহণ করতে হয়েছে।

এ সময় তিনি আঞ্চলিক তথ্য অফিসের কার্যক্রমকে আরও বেগবান করতে এ অফিসের সকল কর্মকর্তা কর্মচারীকে একটি দল হিসেবে কাজ করার পরামর্শ দেন।

আঞ্চলিক তথ্য অফিস, রাজশাহীর উপপ্রধান তথ্য অফিসার মোঃ তৌহিদুজ্জামানের সভাপতিত্বে এ সভায় অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

এর আগে তিনি অফিসের বিভিন্ন শাখা পরিদর্শন করেন এবং সেখানে দায়িত্বরত কর্মকর্তা কর্মচারীদের প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করেন।

.....

তৌহিদুজ্জামান/ রুহুল/হালিম/২০২২/১৬.৫০ ঘ.